# উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ এর আগস্ট/২০২৩ মাসের মাসিক উন্নয়ন সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আবুল কালাম

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ভালুকা, ময়মনসিংহ

তারিখঃ ১৬/০৮/২০২৩ | রোজঃ বুধবার | সময়ঃ ১০:৩০ টা

## উপস্থিত সদস্যবর্গঃ পরিশিষ্ট "ক"

উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা জনাব মোঃ আবুল কালাম সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ এরশাদুল আহমেদ কে অনুরোধ জানান এবং তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।

বিগত সভার কার্যবিবরণী বিস্তারিত ভাবে পর্যালোচনা করা হয়। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী সভায় আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা :

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১</td><td><u>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) :</u><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) / উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল / উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য যাচাই বাচাইকৃত প্রকল্পগুলির তালিকা পরিশিষ্ট "খ"তে উপস্থাপন করা হলো। উথাপিত প্রকল্পগুলি সভায় অনুমোদিত হলে দরপত্র আহবান প্রক্রিয়া এবং উন্নয়ন করণের পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম অগ্রায়ন করা যেতে পারে।</td><td>পরিশিষ্ট "খ" তে উথাপিত প্রকল্পগুলি নিয়ে বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদনকৃত প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুত পূর্বক বিধি মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) / উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল / উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার সিদ্ধান্ত হয়। প্রকল্পগুলির কাজ উন্মুক্ত দরপত্র (OTM) / সীমিত দরপত্র (LTM) / RFQ/ PIC ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভালুকা;<br><br>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা;<br><br>উপজেলা প্রকৌশলী, (LGED),ভালুকা;<br><br>সংশ্লিষ্ট সকল বিভাগ</td></tr>
<tr><td>০২</td><td><u>উপজেলা স্বাস্থ্য বিভাগ :</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভালুকা,ময়মনসিংহ এর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে আগত রোগীদের সু-চিকিৎসা প্রদানের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা</td></tr>
<tr><td>০৩</td><td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তর হতে এ মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে।<br><table><tr><th>ক্র:নং</th><th>স□বার ধরন</th><th>সংখ্যা</th></tr><tr><td>০১</td><td>সক্ষম দম্পতি</td><td>৯০৯৩৪ জন</td></tr><tr><td>০□</td><td>পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহিতা</td><td>৬৯৬৮৯ জন</td></tr><tr><td>০৩□</td><td>গ্রহিতার হার (CAR)</td><td>৭৬.৬৪ %</td></tr><tr><td>০৪□</td><td>স্থায়ী পদ্ধতি</td><td>০৮ জন</td></tr><tr><td>০৫</td><td>আইইউডি</td><td>৭৮ জন</td></tr></table></td><td>বিস্তারিত আলোচনান্তে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি ব্যবহার সম্পর্কে জনসচেতনতা ও গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করা এবং জনস্বাস্থ্য সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ০৬ | ইমপ্ল্যান্ট | ১২২ জন |
| ০৭ | ইনজেকটেবল | ৮১২০ জন |
| ০৮ | খাবার বড়ি | ৪৬২৮৮ জন |
| ০৯ | কনডম | ৫৮৭৪ জন |
| ১০ | মোট গর্ভবতীর সংখ্যা | ৩৬৭০ জন |
| ১১ | গর্ভকালীন সেবার তথ্য | ১৩১৬ জন |
| ১২ | সব সেবা | ৫৫১ জন |
| ১৩ | নরমাল ডেলিভারি সেবা | ২৪ জন |
| ১৪ | মোট জীবিত জন্ম | ৩৮০ জন |
| ১৫ | প্রবোত্তর সেবার তথ্য | ৬৯৮ জন |
| ১৬ | কিশোর - কিশোরীর সেবা | ২৭৬৩ জন |
| ১৭ | (০-) বছর শিশুর সেবা | ৫৬৯৭ জন |
| ১৮ | পুষ্টি সেবা | ৩৬২৩ ন |
| ১৯ | সাধারন রোগীর সেবা | ৬০২১ জন |
| ২ | সম্পাদিত স্যাটেলাইটের সংখ্যা | ৪১ জন |
| ২১ | কৈশোব বান্ধব প্রদত্ত সেবা | ১৪৩ জন |
| ২২ | কমিউনিটি ক্লিনিকের প্রদত্ত সেবা | ১২০৫ জন |
| ২৩ | সিএসবিত্রদের প্রদত্ত সেবা | ১০৭৬ জন |
| ২৪ | সিসবএদের প্রসব সেবা | ১৮ জন |

এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০৪

**<u>উপজেলা কৃষি বিভাগ :</u>**

উপজেলা কৃষি কর্মকতা সভায় জানান যে, এ মাসের কার্যক্রম সমূহ নিম্নোক্ত ছক মোতাবেক প্রদর্শনীর সংখ্যা বাস্তবায়ন করা হয়েছে।

| প্রকল্প / কর্মসূচির নাম | বাগান/ ফসল/ অন্যান্য কার্যক্রম | বাস্তবায়িত প্রদর্শনীর সংখ্যা / অন্যান্য কার্যক্রম |
|---|---|---|
| রাজস্ব খাতের আওতায় প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম | আমন প্রদর্শনী | ২০ টি |
| বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় | আমন প্রদর্শনী | ৩০টি |
| | একক ফল বাগান | ২টি |
| কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্ট ও খাদ্য নিরাপত্তা জোরদার করণ প্রকল্প | ভার্মিকম্পোষ্ট প্রদর্শনী | ৩ টি |
| | প্রশিক্ষণ | ৪ ব্যাচ |
| আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় | আমন প্রদর্শনী | ১০ টি |
| | কৃষক মাঠ স্কুল | ৫ টি |
| কৃষি প্রণোদনা কর্মসূচি | পেঁয়াজ ফসল | ২০ |
| | রোপা আমন | ৭৫০ |
| তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প | | ৩০টি |

বিস্তারিত আলোচনান্তে দেশের খাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য নিয়মিত চাষিদের কৃষি খামার পরিদর্শন সহ খাদ্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।

উপজেলা কৃষি কর্মকর্তা, ভালুকা

| | | | |
|---|---|---|---|
| | <table><tr><td>লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্প</td><td>প্রশিক্ষণ</td><td>১ ব্যাচ</td></tr></table>এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৫ | **<u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :</u>**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, আগস্ট/২০২৩ মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে।<br>ক) গবাদি প্রাণির টিকা প্রদান = ১১২৮ টি<br>খ) হাঁস মুরগীর টিকা প্রদান = ১৬০০০ টি<br>গ)গবাদি পশুর চিকিৎসা = ১৯১২ টি<br>ঘ) হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান = ৬১১০ টি<br>ঙ) গাভীর প্রজনন = ২৪০ টি<br>চ) গাভীর বাচ্চা জন্ম = ১৬৫ টি<br>২) ক. কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজস্ব আয় = ১৮০০০/-<br>খ. হাঁস-মুরগীর টিকা বিক্রি রাজস্ব আয় = ৯৭৬০/-<br>গ. খামার /ফিড মিল রেজি: ফি বাবদ রাজস্ব আয়<br>মোট আয় রাজস্ব আয় = ২৭৭৬০/-<br>৩) মোবাইল ভেটেরিনারী ক্লিনিকের কার্যক্রম ফ্রি ভেটেনারিনারি মেডিকেল ক্যাম্প ও টিকা প্রদান ক্যাম্পেইন = ১টি, গরুর টিকা প্রদান = ২০০টি, গরুর জরুরী চিকিৎসা প্রদান = ৫০টি, ফিডমিল পরিদর্শন = ২টি, খামার পরিদর্শন = ২৩টি, এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিস্তারিত আলোচনান্তে প্রাণি সম্পদ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য, প্রাণি খাদ্যের মান, চাষিদের খামার পরিদর্শন সহ প্রাণি সম্পদ বৃদ্ধির ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভালুকা |
| ০৬ | **<u>উপজেলা মৎস্য বিভাগ :</u>**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,<br>১. মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী বিরুনীয়া ইউনিয়নের মনা পাথার বিলে অভিযান পরিচালনা করে প্রায় ৫০০ মিটার অবৈধ চায়না দুয়ারী জাল / ম্যাজিক চাই জব্দ করা হয় যা উপজেলা পরিষদ প্রাঙ্গানে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উপস্থিতিতে পুড়িয়ে বিনষ্ট করা হয়।<br>২. ২২-২৩ অর্থ-বছরে বিল নার্সারী থেকে উৎপাদিত কার্প জাতীয় মাছের প্রায় ২০০ কেজি পোনা মাছ মনা পাথার বিল ও দাইর বিলে অবমুক্ত করা হয়।<br>৩. মৎস্য খাদ্য ও পশুখাদ্য বিধিমালা ২০১১ অনযায়ী ২টি মৎস্য খাদ্য উৎপাদন কারখানা পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।<br>৪. আগস্ট/২৩ মাসে ২৫জন চাষীর পুকুর পরিদর্শন করে পানি পরীক্ষাসহ পরামর্শ প্রদান করা হয়।<br>৫. ৪টি বাজার পরিদর্শন করা হয় এবং মৎস্য ব্যবসায়ীদের মৎস্য সংরক্ষণ আইন মেনে চলার পরামর্শ প্রদান করা হয়।<br>৬.গত ২৪-৩০ জুলাই ২৩ সারাদেশব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ/২৩ পালন করা হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবকি ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মৎস্য সম্পদ আইন মোতাবেক মৎস্য খাদ্যের মান, মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা, মৎস্য চাষিদের খামার পরিদর্শন সহ মৎস্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ভালুকা |
| ০৭ | **<u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :</u>**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,<br>১। অনলাইনে দাখিলকৃত মাদ্রাসা ও বিদ্যালয়ের অনলাইন এমপিও যাচাই বাছাই শেষে সম্পন্ন করা হয়েছে।<br>২। পারফরমেন্টে বেজড গ্র্যান্টস পর সেকেন্ডারী ইন্সটিটিউশনস (PBGSI) এর আত্ততায় ১৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের আবেদন প্রেরণ জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ। ৩। বার্ষিক ক্যালেন্ডার অনুসারে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পরিদর্শন ফরম প্রেরণ করা হয়েছে।<br>৪। পুরাতন বই সংরক্ষণ/গুদামজাত করণ সংক্রান্ত সভা সম্পন্ন করা হয়েছে।<br>৫। ৯ম ও ১০ম শ্রেণির শিক্ষার্থীদের ট্যাবলেট বিতরণের লক্ষ্যে তালিকা সংগ্রহ এবং যাচাই-বাছাই শেষে বিতরণ কাজে সহযোগিতা করা হয়েছে।<br>৬। মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে এসিড ব্যবহার সংক্রান্ত তালিকা সংগ্রহ করা হচ্ছে। ৭। জেলা শিক্ষা অফিসে মাসিক সমন্বয় সভায় নিয়মিত অংশ গ্রহণ | বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক শিক্ষাকার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| | করা হয়। ৯। কর্তৃপক্ষের নির্দেশনা ও পরামর্শ মোতাবেক বিভিন্ন কার্যাদি সম্পন্ন করা হয়। | | |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস কর্তৃক গৃহীত কার্যাবলী:<br>১. সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের প্রধান শিক্ষক পদে পদোন্নতির ফাইল প্রস্তুত করা হয়েছে।<br>২. বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুনার্মেন্ট ২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ফাইনাল খেলা সফলভাবে সম্পন্ন হয়েছে।<br>৩. প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রোফাইল তৈরীর কার্যক্রম চলমান রয়েছে।<br>৪. কাদিগড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমিদাতা সদস্য নির্ধারণ সংক্রান্ত যাচাই বাছাই কমিটি কাগজপত্রের তদন্ত কার্যক্রম চলমান রয়েছে।<br>৫. ১৬৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২য় প্রান্তিক মূল্যায়ন সম্পন্নের নিমিত্তে ক্লাস্টারভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন সম্পন্ন করে গত ২২/০৮/২০২৩ তারিখ হতে মূল্যায়ন পরীক্ষা শুরু করে মূল্যায়ন পরীক্ষা সম্পন্ন করা হয়েছে।<br>৬. রুটিন মাফিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। আগামী মাসে কর্তৃপক্ষের নিদের্শনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করা হবে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক শিক্ষাকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ভালুকা |
| ০৯ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি-আর) কর্মসূচির আওতায় ১ম ও ২য় পর্যায়ের গৃহীত সকল প্রকল্পের কাজ সুষ্ঠ ও সুন্দর ভাবে শেষ করা হয়েছে। এছাড়াও ভিজিএফ এর চাল সুষ্ঠভাবে বিতরণ করা হয়েছে। ৩য় পর্যায়ের সকল প্রকল্পের কাজ শেষ করে প্রকল্পের সভাপতিগণকে মাষ্টাররোল সহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে টি.আর / কাবিটার গৃহীত প্রকল্পের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও সকল প্রকল্পের চূড়ান্ত বিল প্রদানের পূর্বে প্রতিটি প্রকল্প পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর পরিদর্শন প্রতিবেদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ;<br>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা;<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল);<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভালুকা। |
| ১০ | **উপজেলা খাদ্য বিভাগ :**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা সভায় জানান যে, জুন/২৩ মাসে<br>১. খাদ্য গুদাম হতে কাবিখা খাতে ৮০ মে.টন চাল বিতরণ করা হয়েছে।<br>২. খাদ্য গুদাম হতে ঈদুল আযাহা উপলক্ষ্যে VGF খাতে ১৯০.৬৮০ মে.টন চাল বিতরণ করা হয়েছে। ৩. খাদ্য গুদাম হতে VWB খাতে ৭৮.৩৬০ মে.টন চাল বিতরণ করা হয়েছে। ৪. ধান ক্রয় করা হয়েছে ৬৩.৮৮০ মে.টন<br>৫. খাদ্য গুদাম হতে GR খাতে ৬.০০ মে.টন চাল চাল বিতরণ করা হয়েছে।<br>৬. খাদ্য গুদাম হতে EP খাতে ১.০৫৪ মে.টন চাল এবং ৯৬০মে.টন গম বিতরণ করা হয়েছে। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে খাদ্য শষ্য ক্রয়ে ও বিতরণে স্বচ্ছতা এবং নিয়মিত সকল তথ্য উপাত্ত পরিষদকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা। |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>১. ভিডব্লিউবি খাদ্যশস্য বিতরনঃ অত্র উপজেলার ২০২৩-২০২৪ চক্রের ১১টি ইউনিয়নের নির্বাচিত ২৬১২ জন উপকারভোগীর মাঝে ভিডব্লিউবি কর্মসূচির আওতায় খাদ্যশস্য বরাদ্দ এখনও পাওয়া যায়নি। | বিস্তারিত আলোচনান্তে ভাতা ভোগীরা কোন ধরণের হয়রানি না হয় তার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভালুকা। |

<table>
<tr><td></td><td>২. মা ও শিশু সহায়তা কার্যক্রমের আওতায় ১১টি ইউনিয়নে (৬x১১) ৬৬ জন এবং পৌরসভায় ১৩ জনসহ মোট ৭৯ জনের বরাদ্দ পাওয়া গিয়েছে।<br>৩. কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এর আওতায় অত্র উপজেলায় ১১টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১২ টি ক্লাবে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>করা হয়।</td><td></td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) :<br>১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত প্রকল্প সমূহ- ১। ক্ষুদ্র কুটির শিল্প, ২। পোষাক শিল্প, ৩। ডেইরী ফার্ম, ৪। পোল্ট্রি ফার্ম, ৫। মৎস্য চাষ, ৬। গরু মোটাতাজা করণ, ৭। মাল্টা চাষ, ৮। বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন ইত্যাদি কর্মকান্ডে এসএমই ঋণ ও প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>(ছকের সকল হিসাব লক্ষ টাকায়)
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্রমপুঞ্জিত বিতরণ</th><th>ক্রমপুঞ্জিত আদায়</th><th>বকেয়া</th></tr>
<tr><td>ফসলী ঋণ কর্মসূচী</td><td>৩২৯.৩৯</td><td>২৫৯.৮৯</td><td>৬৯.৫০</td></tr>
<tr><td>আবর্তক ঋণ কর্মসূচী</td><td>২২৯.৯৬</td><td>২১৫.৫৪</td><td>১৪.৪২</td></tr>
<tr><td>মেয়াদী ঋণ কর্মসূচী</td><td>২০০.৩৪</td><td>২০০.৩৪</td><td>০০</td></tr>
<tr><td>মহিলা অনুবিভাগ (ব্যাংক)</td><td>৬০৮.৭১</td><td>৬০৭.০১</td><td>১.৭০</td></tr>
<tr><td>মহিলা অনুবিভাগ (নিজস্ব)</td><td>৮৯৭.৮৩</td><td>৭৫৪.৯০</td><td>১৪২.৯৩</td></tr>
<tr><td>সদাবিক কমূসচী</td><td>৪৩৮.৫০</td><td>৩৬৩.৯০</td><td>৭৪.৬০</td></tr>
<tr><td>পল্লী প্রগতি কর্মসূচী</td><td>১১৭.৮৫</td><td>৮৪.৮০</td><td>৩৩.০৫</td></tr>
<tr><td>বীর মুক্তিযুদ্ধা কর্মসূচী</td><td>৪৩.৩১</td><td>২৮.৭৮</td><td>১৫.৫৩</td></tr>
<tr><td>কোভিড-১৯ প্রণোদনা ঋণ (এসএমই ঋণ)</td><td>১৫৩.২০</td><td>১১৯.৭১</td><td>৩৩.৪৯</td></tr>
<tr><td>মোট</td><td>৩০১৯.০৯</td><td>২৬৩৪.৩৩</td><td>৩৮৩.২৬</td></tr>
</table>
বিআরডিবি সমিতি পর্যায়ে ঋণদান কর্মসূচী ছাড়াও বিভিন্ন সেবা মূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। ঋণ বিতরণের সময় সমিতির সদস্যদের সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, মাদকের কুফল, কোভিড-১৯ করোনা, ডেঙ্গু সম্পর্কে সচেতনতামূলক আলোচনা ছাড়াও বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় আরও জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) এর জোড়াবাড়ীর দুইটি ভবন রয়েছে তার মধ্যে নিঝুম ভবনটি ঝুকিপূর্ণ হওয়ায় এই ২-তলা এই ভবনটি পরিত্যাক্ত ঘোষনা পূর্বক বড় ধরণের দূঘটনা এড়াতে দুত অপসারন করা প্রয়োজন।<br><br>৩. উপজেলা পরিষদের আবাসিক কোয়াটারগুলি মধ্যে ঢেউ ভবন, প্রবাল ভবন, নিঝুম ভবনগুলি পুরাতন। এ পুরাতন ভবনগুলি বসবাসের প্রায় অনুপোযোগী হওয়াই ভবনগুলির ভাড়া সুনির্দিষ্ট করণের আলোচনা করা হয়। (এখানে উল্লেখ্য যে নিঝুম ভবন অপসারন করার পূর্ব পর্যন্ত ভাড়া সুনির্দিষ্ট করণের প্রস্তাব করা হয়)</td><td>১. বিস্তারিত আলোচনান্তে এ বিভাগের প্রতিটি ক্ষেত্রে অনুষ্ঠিতব্য সভায় সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখাসহ সরকারি বিধি মোতাবেক ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।<br><br>২. বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা / বিধি মোতাবেক নিঝুম ভবনটি পরিত্যাক্ত ঘোষনা করে দ্রুত অপসারনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩নং প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আবাসিক কোয়াটারগুলি মধ্যে ঢেউ ভবন, প্রবাল ভবন, নিঝুম ভবনগুলির ভাড়া = ৪০০০/- (চার হাজার) নির্ধারণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভালুকা।</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা সমাজসেবা দপ্তর :<br>উপজেলা সমাজসেবা অফিসার, ভালুকা, ময়মনসিংহ সভায় জানান যে, সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তার শাখার ১০ আগস্ট ২০২৩ ইং তারিখের ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০ নং স্মারক মূলে ২০২৩-২০২৪ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসুচীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা</td><td>বিস্তারিত আলোচনান্তে ভাতা কার্ড প্রদানের বিষয়টি সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক সকল ভাতাভোগী যথা সময়ে ভাতা পাওয়া এবং</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভালুকা।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে । ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্ক ভাতা কর্মসূচিতে জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৬০০ টাকা; বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৫৫০ টাকা এবং প্রতিবন্ধী ভাতা কর্মসূচিতে জন প্রতি মাসিক ভাতার ৮৫০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিপ্তরের web based Management Information Systems (MIS) এর মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভাতা প্রাপ্তির জন্য সম্মানিত ভাতা প্রত্যাশী ব্যক্তিগণ mis.bhata.gov.bd/ online Application এই লিংকে প্রবেশ করে ভাতা প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন। সমাজসেবা অধিদপ্তর হতে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ বাস্তবায়ন নীতিমালার আলোকে সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদিত তালিকার উপকারভোগীদের প্রয়োজনীয় তথ্য MIS এ সন্নিবেশন এবং এন্টিকৃত ডাটার ভেলিডেশন করা হবে। অনলাইনে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে প্রশাসানিক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে। চুড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৩ তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। সকল ভাতার ক্ষেত্রে বিদ্রমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) কার্যক্রম বাস্তবায়ন করা হবে । সে পরিপ্রেক্ষিতে ভালুকা উপজেলার পৌরসভার সম্মানিত মেয়র এবং সংশ্লিষ্ট ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যানগণকে ব্যাপকভাবে প্রচার এবং অনলাইন আবেদন করার ক্ষেত্রে ভাতাপ্রত্যাশীদের সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয় । উল্লেখ্য যে, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন আগামী ১০ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত করা যাবে।<br>সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তার শাখার ২৬ জুন ২০২৩ ইং তারিখের ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.৫৩৮ নং স্মারক মূলে ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই অর্থাৎ আগামী ৩১ আগস্ট ২০২৩ এর মধ্যেই উপজেলার আওতাধীন সকল ইউনিয়ন/ পৌরসভার ওয়ার্ড ভিত্তিক উপকারভোগীর স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন এবং ভেরিফিকেশনে প্রাপ্ত মৃত উপকারভোগী ও পুনঃবিবাহের কারণে বাদপড়া বিধবা উপকারভোগীর পরিবর্তে নীতিমালা মোতাবেক প্রতিস্থাপনসহ যৌক্তিকতা বিবেচনায় মোবাইল হিসাব নম্বর এর সঠিকতা নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে । সে প্রেক্ষিতে ভালুকা উপজেলার আওতাধীন সকল ইউনিয়ন/পৌরসভার ওয়ার্ডভিত্তিক উপকারভোগীর স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন অত্যন্ত সুন্দর ও সূচারুভাবে সম্পন্ন করতে সহযোগিতা করার জন্য পৌরসভার সম্মানিত মেয়র এবং সংশ্লিষ্ট ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যানগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় । লাইভ ভেরিফিকেশন এবং ভেরিফিকেশনে প্রাপ্ত মৃত উপকারভোগী ও পুনঃবিবাহের কারণে বাদপড়া বিধবা উপকারভোগীর পরিবর্তে নীতিমালা মোতাবেক প্রতিস্থাপন করে (অনলাইন মৃত্যু সনদ সংযুক্তসহ) ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ তালিকা দ্রুত প্রেরণ করার জন্য পৌরসভার সম্মানিত মেয়র এবং সংশ্লিষ্ট ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় । উল্লেখ্য যে, আগামী সেপ্টেম্বর মাসের ১ম সপ্তাহে ১ম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) পেরোল বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হবে, এর পূর্বেই নীতিমালা মোতাবেক আবশ্যিকভাবে প্রতিস্থাপন সম্পন্ন করতে হবে ।<br>সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা শাখার ১৬ জুলাই ২০২৩ তারিখের ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৯.২২.৫৭৭ নং স্মারক মূলে ২০২৩-২৪ অর্থ বছরে Disability Information System (DIS) এ পরিচয়পত্রধারী যারা এখনও প্রতিবন্ধী ভাতা/ প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচির অন্তর্ভুক্ত হননি তাদেরকে সংশ্লিষ্ট এলাকায় Mobile Financial Service (MFS) প্রতিবন্ধী ব্যক্তিদের মোবাইল হিসাব খোলার প্রয়োজনীয় | প্রতিস্থাপনের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | |

<table>
<tr>
<td></td>
<td>ব্যবস্থা গ্রহণের জন্য পৌরসভার সম্মানিত মেয়র এবং সংশ্লিষ্ট ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় । উল্লেখ্য যে, আগামী ১ আগস্ট ২০২৩ হতে Disability Information System (DIS) এ অন্তর্ভুক্ত নতুন প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতা প্রদানের জনন্য নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে । অনলাইনে আবেদনের সময় Mobile Financial Service (MFS) নগদ মোবাইল হিসাব নম্বরটি আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে ।<br>এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । সমাজসেবা বিভাগের সকল কার্যক্রম বাস্তবায়নে উপজেলা পরিষদের সার্বিক সহযোগিতা কামনা করেন ।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td><u>জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন :</u><br>সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ভালুকা সভায় জানান যে, এ মাসের ভালুকা উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আওতায় নতুন রোগীর সংখ্যা ৪৭জন, সর্বমোট রোগীর সংখ্যা ৮০৪৯ জন, প্রতিদিন আগত রোগীর সংখ্যা ৩৫/৪০ জন, চক্রাকারে রোগীর সেবার সংখ্যা ৮৩৭ জন, চক্রাকারে সর্বমোট রোগীর সংখ্যা = ১৩৫৫২৯ জনকে সেবা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধী ও অটিজম শিশুদের মাঝে বিনামূল্যে ফিজিওথেরাপী, স্পীচ ও ল্যাংগুয়েজ থেরাপী এবং অকুপেশনাল থেরাপী নিয়মিত প্রদান করা হয়। এছাড়াও অটিজম শিশুদের জন্য টয়লাইব্রেরী চালু করা হয়েছে। গত মাসে প্রাপ্ত ২৫টি হুইল চেয়ার ও ৫টি ট্রাই সাইকেল সেবা কেন্দ্রে মজুত রয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক বিনামূল্যে প্রতিবন্ধী ও অটিজম ব্যক্তি/শিশুদের চিকিৎসা প্রদানের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ভালুকা।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td><u>উপজেলা সমবায় বিভাগ :</u><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে,<br>০১. কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যাঃ-০৪টি, (বিভাগীয়-২টি, বিআরডিবি ২টি)<br>০২. মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা = ৩২৫টি, কার্যকর সমবায় সমিতির সংখ্যা = ২০০টি, অকার্যকর সমবায় সমিতির সংখ্যা = ১০৭টি, নতুন নিববন্ধিত সমবায় সমিতির সংখ্যা = আশ্রয়ন প্রকল্প ১৩টি, অন্যান্য ০৫টি।<br>৩. চলতি মাস পর্যন্ত অডিট সম্পাদনঃ ১১টি।<br>৪. চলতি মাস পর্যন্ত সমবায় সমিতি পরিদর্শনের সংখ্যাঃ ০৩টি।<br>৫. মোট শেয়ার মূলধনের পরিমানঃ ৯৫,২৯,০০০/-টাকা।<br>৬. মোট সঞ্চয় আমানতের পরিমানঃ ৯৬৫,২৫,০০০/-টাকা।<br>৭. ২০২১-২০২২ অডিট বর্ষে আদায়কৃত অডিট ফি ব্যাংকে জমার পরিমানঃ নাই।<br>৮. ২০২২-২০২৩ অর্থ বছরে সমবায় সমিতির নিবন্ধন ফি ও ভ্যাট ট্রেজারী চালানে ব্যাংকে জমার পরিমানঃ ৩০০/-টাকা। শতভাগ অডিট ফি, ভ্যাট, ও সমবায় উন্নয়ন তহবিল এর অর্থ আদায় পূর্বক সরকারী কোষাগারে ব্যাংকে জমা প্রদান করা হয়েছে।<br>৯। আশ্রয়ন প্রকল্পের ঋণ প্রদান সংক্রান্ত তথ্যঃ
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ব্যারাক সংখ্যা</th><th>পূণর্বাসিত পরিবারের সংখা</th><th>বিতরণকৃত ঋণের পরিমান</th><th>আদায়কৃত ঋণের পরিমান</th><th>পাওনা ঋণের পরিমান</th></tr>
<tr><td>ধুলিকুড়ি আশ্রয়ন প্রকল্প</td><td>০২টি</td><td>২০টি</td><td>৬৬৬০০০</td><td>৩৬২৮৬৫</td><td>৩৫৬১৩৫</td></tr>
<tr><td>বনগাঁও আশ্রয়ন প্রকল্প</td><td>০৬টি</td><td>৬০টি</td><td>১৮০০০০০</td><td>১৩০৯১৭৭</td><td>৬৩৪৮২৩</td></tr>
<tr><td>হাতিবেড় আশ্রয়ন প্রকল্প</td><td>১৪টি</td><td>১৪০টি</td><td>২৫৫৩০০০</td><td>১২৪৪০১২</td><td>১৫১৩২২৮</td></tr>
<tr><td>মোট</td><td>২২টি</td><td>২২০টি</td><td>৫০১৯০০০</td><td>২৯১৬০৫৪</td><td>২৫০৪১৮৬</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে সমিতি সমূহের কার্যক্রম সার্বক্ষণিক মনিটর অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা সমবায় অফিসার, ভালুকা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>আশ্রয়ন-২ প্রকল্পে উপজেলা সমবায় কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ এর মাধ্যমে ১৩টি আশ্রয়নে নিবন্ধনের মাধ্যমে ১৩টি আশ্রয়ণ সমবায় সমিতি গঠন করা হয়েছে। এই প্রকল্পগুলিতে সরকারী অর্থ বরাদ্দ প্রাপ্ত হলে নীতিমালা অনুযায়ী সরকারী অর্থ প্রদানসহ অন্যান্য কাযক্রম গ্রহণ করা হবে। ২০২২-২০২৩অর্থবছরে আশ্রয়ন প্রকল্প সমিতিগুলির অডিট বরাদ্দ প্রাপ্ত হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td><u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ) সভায় জানান যে,<br>০১। PSWSC প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের ২৮৫টি অগভীর সাব-মার্সেবল পাম্পযুক্ত নলকূপের কাজ চলমান আছে।<br>২। PSWSC প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে নতুন করে ২৮৬টি অগভীর সাব-মার্সেবল পাম্পযুক্ত নলকূপের বরাদ্দপাওয়া গিয়েছে।<br>৩। PSWSC প্রকল্পের আওতায় ১৮টি মিনি ওয়াটার সাপ্লাই প্রকল্পের কাজ চলমান আছে।<br>৩। মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৪টি পাবলিক টয়লেট, ৬টি কমিউনিটি ল্যাট্রিন, ৯টি হ্যান্ড ওয়াশিং স্টেশন, ১০টি কমিউনিটি ক্লিনিকের মেরামতের কাজ চলমান এবং ইউনিয়ন পর্যায়ে ৩৮টি মিনি ওয়াটার সাপ্লাই প্রকল্পের কাজ চলমান আছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত নলকুপ স্থাপনকালে নিয়মিত মনিটরিং এর মাধ্যমে চলমান প্রকল্পগুলির কাজের গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপ-সহকারী / সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভালুকা</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td><u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ :</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এ মাসে নিম্নোক্ত কাজগুলি সম্পন্ন করা হয়েছে।
<table>
<tr><td rowspan="2">বিবরণঃ</td><td colspan="3">২০২৩-২০২৪ অর্থ বছর</td></tr>
<tr><td>জুলাই/২০২৩</td><td>অর্থ বছরে অর্জন</td><td>ক্রমপুঞ্জিত অর্জন</td></tr>
<tr><td>মূল ঋণ তহবিল</td><td>০</td><td>০</td><td>৩০,৫৫,১৫০</td></tr>
<tr><td>ব্যাংক স্থিতি</td><td>০</td><td>০</td><td>১১,৫২,৬৪২</td></tr>
<tr><td>বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>০</td><td>০</td><td>৪,৪৩,৫২,৭৬০</td></tr>
<tr><td>আদায়যোগ্য ঋণের পরিমাণ</td><td>৩,০২,০০০</td><td>৩,০২,০০০</td><td>৩,৮৭,৮৫,৯৫০</td></tr>
<tr><td>আদায়কৃত ঋণের পরিমাণ</td><td>৩,০২,০০০</td><td>৩,০২,০০০</td><td>৩,৬৬,৬৩,৭২১</td></tr>
<tr><td>খেলাপী ঋণের পরিমাণ(আদায়)</td><td>৩৯,৪১৫</td><td>৩৯,৪১৫</td><td>৩৯,৪১৫</td></tr>
<tr><td>খেলাপী অবশিষ্ট রহিল</td><td>০</td><td>০</td><td>২০,০১,২২২</td></tr>
<tr><td>কিস্তি খেলাপীর পরিমাণ(আদায়)</td><td>০</td><td>৮,১৫০</td><td>৮,১৫০</td></tr>
<tr><td>কিস্তি খেলাপীর সংখ্যা</td><td>০</td><td>০</td><td>১,২১,০০৭</td></tr>
<tr><td>আদায়যোগ্য হয়নি এমন ঋণের পরিমাণ</td><td>০</td><td>০</td><td>৪৮,০৬,৮১০</td></tr>
<tr><td>আদায়যোগ্য (সার্ভিস চার্জ)</td><td>১৮,৮৬০</td><td>১৮,৮৬০</td><td>৫৫,২৬৭৬৩</td></tr>
<tr><td>আদায়কৃত (সার্ভিস চার্জ)</td><td>২২,৬৪৫</td><td>২২,৬৪৫</td><td>৪৮,৬১,৭৫২</td></tr>
<tr><td>ঋণ গ্রহীতার সংখ্যা ১ম দফা</td><td>০</td><td>০</td><td>১২২৭জন</td></tr>
<tr><td>ঋণ গ্রহীতার সংখ্যা ২য় দফা</td><td>০</td><td>০</td><td>৪০১ জন</td></tr>
<tr><td>ঋণ গ্রহীতার সংখ্যা ৩য় দফা</td><td>০</td><td>০</td><td>৪২ জন</td></tr>
<tr><td>সর্বমোট সদস্য সংখ্যা</td><td>০</td><td></td><td>১৬৭০ জন।</td></tr>
<tr><td>প্রশিক্ষণ গ্রহণকারী যুব ও যুব মহিলার সংখ্যা</td><td>০</td><td>০</td><td>৯৭৫২ জন</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায়ের জন্য পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভালুকা</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>রেজিষ্টেশন প্রাপ্ত যুব ক্লাব এর সংখ্যা</td><td>প্রক্রিয়াধীন ২ট</td><td>০</td><td>১৭টি</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার</td><td>০</td><td>০</td><td>৯৪%</td></tr>
<tr><td>চলমান ঋণ আদায়ের হার</td><td>১০০%</td><td>১০০%</td><td>১০০%</td></tr>
</table>
এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td><u>উপজেলা পরিসংখ্যান বিভাগ :</u><br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, এ মাসে সম্পাদিত কার্যক্রমের মধ্যে ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান জরিপের কাজ মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের মাধ্যমে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>১। আউশ ও পাট ফসলের হিসাব সংগ্রহ ও প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>২। আমন ফসলের ১ম পূর্বাভাস প্রেরণ করা হয়েছে।<br>৩। কৃষি পরিসংখ্যানকে অধিক গ্রহণযোগ্য করার লক্ষ্যে ভালুকা উপজেলার ৩২টি দাগগুচ্ছে ৪র্থ পর্বের কাজ চলমান আছে।<br>৪। মল্লিকবাড়ী ইউনিয়নের ধামশুর মৌজায় খানার আয় ব্যয় জরিপ ২০২১ কাজমাঠ পর্যায়ে চলমান আছে যেখানে ২জন ইনুমারেটর এবং ২জন উইমেন ফ্যাসিলেটর কাজ করছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ভালুকা।</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td><u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :</u><br>উপজেলা সিনিয়র দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে, এ মাসে ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করা হয়েছে।<br>১। ঋণ বিতরণ : ক্ষুদ্র ঋণ ১৬.৪০ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ৪.৫০ লক্ষ, উদ্যোক্তা ঋণ ১৪.০০ লক্ষ, মোট ৩৪.৯০ লক্ষ টাকা।<br>২। ঋণ আদায় :ক্ষুদ্র ঋণ ২৯.৩৫লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ১০.১১ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৪৪.৩২ লক্ষ, মোট ৮৩.৭৮ লক্ষ টাকা।<br>৩। ঋণ আদায়ের হার : ক্ষুদ্র ঋণ ৯৮%, নারী উদ্যোক্তা ঋণ ৯৯%, উদ্যোক্তা ঋণ ৯৯%, সকল ধরনের সঞ্চয় আদায় = ১৯.৭৫ লক্ষ, সঞ্চয় ফেরত = ১৮.৫০ লক্ষ টাকা মাত্র। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং সরকার নির্ধারিত বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায় করার পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, ভালুকা।</td>
</tr>
<tr>
<td>২০</td>
<td><u>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তার কার্যালয়ঃ</u><br>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তরের জুন ২৩ মাসের সাংগাঠনিক কার্যক্রম ও ঋণদান কার্যক্রমের তালিকা নিম্নে উপস্থাপন করা হলো।<br><u>১. সাংগাঠনিক কার্যক্রমঃ (ক) পল্লী জীবিকায়ন কর্মসূচী :</u> ক্রমপুঞ্জিত সমিতি গঠন ৯১, ক্রমপুঞ্জিত সদস্য ১৯২৩, ক্রমপুঞ্জিত শেয়ার জমা ৮.২২ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত সঞ্চয় জমা ৩৩.৮০ লক্ষ টাকা।<br><u>(খ) পল্লী জীবিকায়ন প্রকল্প ৩য় পর্যায় :</u> বছরে সমিতি গঠন ০১, ক্রমপুঞ্জিত সমিতি গঠন ১৯, মাসে সদস্য ভর্তি ৪৯, বছরে সদস্য ভর্তি ৬৪, ক্রমপুঞ্জিত সদস্য ৩২২, মাসে সঞ্চয় জমা ১.২৪, বছরে সঞ্চয় জমা ৬.০৫, ক্রমপুঞ্জিত সঞ্চয় জমা ৭.৮৮ লক্ষ টাকা।<br><u>২. ঋণ কার্যক্রমঃ (ক) পল্লী জীবিকায়ন কর্মসূচী :</u> ক্রমপুঞ্জিত বিতরণ ৬০৫.২০ লক্ষ টাকা, মাসে আদায় .৩৮ লক্ষ টাকা, বছরে আদায় ৪.৯৫, ক্রমপুঞ্জিত আদায় ৫০২.১৪, মাঠে পাওনা চলতি ৮.২৫ লক্ষ টাকা, খেলাপী ১৩৮.৭০ লক্ষ টাকা।<br><u>(খ) পল্লী জীবিকায়ন প্রকল্প ৩য় পর্যায় :</u> মাসে বিতরণ ১৯.১০, বছরে বিতরণ ৬০.২০, ক্রমপুঞ্জিত বিতরণ ৬৮.৯০ লক্ষ টাকা, মাসে আদায় ২.৪০ লক্ষ টাকা, বছরে আদায় ১৩.৬৪, ক্রমপুঞ্জিত আদায় ১৩.৬৪ লক্ষ টাকা।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং সরকার নির্ধারিত বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায় করার পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>প্রকল্প কর্মকর্তা, প্রজীপ, ভালুকা</td>
</tr>
<tr>
<td>২১</td>
<td><u>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) বিভাগ :</u><br>উপ-সহকারী প্রকৌশলী( বিএডিসি), ভালুকা, ময়মনসিংহ সভায় জানান যে, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে তার কাজে আরও গতিশীলতা আনয়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি)</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২২</td>
<td><u>পল্লী সঞ্চয় ব্যাংক :</u><br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ভালুকা শাখা, ময়মনসিংহ সভায় জানান যে, উপজেলাধীন ৩৫৫টি সমিতির মাধ্যমে ঋণ বিতরণ এবং ঋণ আদায় কার্যক্রম নিম্নরূপ :
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>অর্থ বছরে লক্ষ মাত্রা (লক্ষ টাকায়)</th><th>অর্থ বছরে অর্জন (লক্ষ টাকায়)</th><th>অর্থ বছরে অর্জনের হার</th></tr>
<tr><td>০১</td><td>সঞ্চয় আদায়</td><td>১৮০.০০</td><td>৪৩.২৫</td><td>২৪%</td></tr>
<tr><td>০২</td><td>ঋণ বিতরণ</td><td>২৫৫৮.০০</td><td>১৭৭০.৭২</td><td>৭০%</td></tr>
<tr><td>০৩</td><td>ঋণ আদায়</td><td>২৪৭৮.০০</td><td>১৭৩২.১৫</td><td>৭০%</td></tr>
<tr><td>০৪</td><td>লাভ/লোকসান</td><td>৮০.০০</td><td>৭০.০০</td><td>৮৮%</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ভালুকা কে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও ঋণ আদায়ের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ভালুকা,ময়মনসিংহ।</td>
</tr>
<tr>
<td>২৩</td>
<td><u>উপজেলা তথ্যকেন্দ্র অফিস :</u><br>উপজেলা তথ্য আপা সভায় জানান যে, জুন ও জুলাই ২৩ মাসে ডোর টু ডোর ও উঠান বৈঠকের মাধ্যমে প্রায় ১১০৮জন গ্রামীণ সুবিধা বঞ্চিত মহিলাদের বিনামূল্যে কৃষি, শিক্ষা, ব্যবসা, জেন্ডার, আইনি সহায়তা এবং ডিজিটাল ডিভাইসের সাহায্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা (প্রেসার, ডায়াবেটিস, ওজন, উচ্চতা, তাপমাত্রা, পালস) তথ্য প্রযুক্তি ভিত্তিক সেবা সমুহ বিনামূল্যে প্রদান করা হয়।<br>১. <u>জুন ২৩ মাসের সেবা সমূহ :</u> ডোর টু ডোর সেবা ৩০০ জন, উঠান বৈঠকে সেবা ১০০ জন, তথ্য কেন্দ্র প্রাথমিক স্বাস্থ সেবা ৪৮ জন।<br>২. <u>জুলাই ২৩ মাসের সেবা সমূহ :</u> ডোর টু ডোর সেবা ৪৫০ জন (চলমান), উঠান বৈঠকে সেবা ১৫০ জন (প্রক্রিয়াধীন), তথ্য কেন্দ্র প্রাথমিক স্বাস্থ্য সেবা ৫০/৬০ জন (চলমান)</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা তথ্য আপা এর কাজ আরও গতিশীলতা আনয়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা তথ্য আপা, ভালুকা,ময়মনসিংহ।</td>
</tr>
<tr>
<td>২৪</td>
<td><u>ইসলামিক ফাউন্ডেশন :</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, এ মাসে ৮৫টি কেন্দ্র ও ২টি সাধারণ রিসোর্স সেন্টার এবং ২টি দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা পরিদর্শন করা হয়েছে।<br>১. ৮নং ডাকাতিয়া ইউনিয়নে আঞ্জারগারা সংলগ্ন প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র ফিল্ড সুপারভাইজার কর্তৃক অভিভাবক সমাবেশে যোগদান।<br>৩. মডেল কেয়ারটেকার কর্তৃক ৩২টি কেন্দ্র ও ২টি জন সাধারণ কেয়ারটেকার কর্তৃক ২৭+২৮=৫৫টি কেন্দ্র পরিদর্শন করা হয়েছে।<br>৪. ডেঙ্গু ও চিকুনগুনিয়ার বিষয়ে জনসচেতনতা আনয়নে মসজিদে লিফলেট বিতরণ এবং জুম'আর খুতবায় খতিবগণের মাধ্যমে বক্তব্য প্রদানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও বাল্যবিবাহ যৌতুক ইভটিজিং মাদক ও সন্ত্রাস-জঙ্গীবাদ প্রতিরোধে সামাজিক সমস্যাবলী নিরসনে আলোচনা অব্যাহত রয়েছে। ৫. প্রতিটি শিক্ষা কেন্দ্রের পাশে খালি জায়গায় বৃক্ষরোপন করার জন্য কেন্দ্র শিক্ষক ও অভিভাবকদের উৎসাহিত করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় ।</td>
<td>সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা</td>
</tr>
<tr>
<td>২৫</td>
<td><u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) :</u><br>উপজেলা নির্বাহী অফিসার,ভালুকা জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতায় সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর অধীনে ৬ষ্ঠ ধাপে বাস্তবায়নের জন্য ০৯/০৭/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলার প্রকল্প বাছাই কমিটির সুপারিশক্রমে, নিম্নে উল্লেখিত ০৪ টি (চার) অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্পের মোট বরাদ্দ-৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) টাকা উপজেলা পরিষদের অনুমোদনের জন্য সভায় উত্থাপন করা হলো ।<br><u>প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত উপ-প্রকল্প সমূহ ঃ</u><br>১। ভালুকা উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় বেঞ্চ সরবরাহ করণ।<br>২। ধীতপুর ইন্নস খান দারুস্সুন্নাহ দাখিল মাদ্রাসায় অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মাণ।</td>
<td>উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত অবকাঠামো উন্নয়ন বিষয়ক ০৪টি উপ-প্রকল্পই যুক্তিযুক্ত। উক্ত উপ-প্রকল্প সমূহ উপজেলায় বাস্তবায়িত হলে শিক্ষার মান বৃদ্ধি পাবে বিধায় সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ভালুকা উপজেলা ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ৬ষ্ঠ ধাপের তহবিল বরাদ্দ মোট</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভালুকা;<br><br>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা;<br><br>উপজেলা প্রকৌশলী, (LGED),ভালুকা;<br><br>ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) ভালুকা, ময়মনসিংহ;</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>৩। পুরুরা দাখিল মাদ্রাসায় অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মাণ।<br>৪। এ্যাপোলো কারিগরি ইনস্টিটিউট এর কম্পিউটার ল্যাবের সক্ষমতা বৃদ্ধির জন্য ডেস্কটপ কম্পিউটার ও স্মার্ট বোর্ড সরবরাহ করণ</td>
<td>৫০,০০,০০০/- (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) টাকা হতে প্রকল্প নীতিমালা অনুসারে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত উল্লেখিত ০৪ টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ৫০,০০০০০/- (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) টাকায় বাস্তবায়নের জন্য অনুমোদন করা হইলো এবং উক্ত উপ-প্রকল্পের জন্য প্রয়োজনীয় প্রকল্প প্রস্তাবনা, প্রাক্কলন ও অন্যান্য কাগজ পত্রাদি প্রস্তুত করে চুড়ান্ত অনুমোদন গ্রহণ করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে পিএমইউ-তে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সংশ্লিষ্ট সকল বিভাগ</td>
</tr>
<tr>
<td>২৬</td>
<td><u>বিবিধ আলোচনা :</u>
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রস্তাবিত প্রকল্পের নাম</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদের অভ্যন্তরে বিআরডিবি'র (জোড়াবাড়ী) ২-টি ভবনে অবস্থানরত সকল সদস্যগণ দীর্ঘদিন যাবৎ বাসাভাড়া সহ অন্যান্য বিল পরিশোধ করছে না, সেপ্টেম্বর/২০২৩ মাসের মধ্যে আগস্ট/২০২৩ মাস পর্যন্ত সকল বকেয়া আদায়ে অতিদ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিআরডিবি'র সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হয়। অন্যথায় সার্টিফিকেট মামলা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা কমপ্লেক্স প্রশাসনিক ভবন (সম্প্রসারিত) এর দক্ষিণ পাশে সালামি মঞ্চ নির্মাণ।</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদের হলরুমে ইলেকট্রিক কাজ এবং সংস্কারসহ রং করণ প্রয়োজন।</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা কমপ্লেক্স প্রশাসনিক ভবন (সম্প্রসারিত) এর সার্বিক নিরাপত্তার জন্য গ্রীল লাগানো প্রয়োজন।</td></tr>
<tr><td>০৫</td><td>কাচিনা ইউনিয়নের নতুন বাজার কাচারি ঘাটের রাস্তার সংযোস্থলে ১৩০ফিট রাস্তা এইচবিবি করণ।</td></tr>
<tr><td>০৬</td><td>শৈলাট বাসবাড়ীর সীমানা হতে কাচিনা কাচারী ঘাটের রাস্তায় ৪০০ফিট রাস্তা ফ্লাট সলিং করণ।</td></tr>
<tr><td>০৭</td><td>মল্লিকবাড়ী ইউনিয়নের নয়নপুর মল্লিকবাড়ী রাস্তা হতে আশ্রয়ন প্রকল্প পর্যন্ত ৪৩০ফিট রাস্তা ফ্লাট সলিং করণ।</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা কমপ্লেক্স প্রশাসনিক ভবন (সম্প্রসারিত) এর ৩য় তলায় সিড়ির পাশে মহিলাদের নামাজ পড়া এবং ব্রেস্ট ফিডিং কর্ণার স্থাপন করণ।</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা কমপ্লেক্স প্রশাসনিক ভবন (সম্প্রসারিত) এর নিচতলায় সিড়ির পাশে হেল্প ডেস্ক/ সেবা কর্ণার স্থাপনের ব্যবস্থা করণ।</td></tr>
<tr><td>১০</td><td>সহকারী কমিশনার (ভূমি), ভালুকা ময়মনসিংহের অফিস আঙ্গিনার বাইরে গোলঘরের সংস্কার করণ।</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পুরাতন টিনসেড ঘরটি সংস্কার করণ।</td></tr>
<tr><td>১২</td><td>অতি বৃষ্টির কারনে ব্যাপক ক্ষতিগ্রস্থ নিম্নোক্ত রাস্তাটি যান চলাচলসহ জনস্বার্থে জরুরী মেরামত প্রয়োজন।<br>ক) ভালুকা গফরগাঁও রোড টু বিরুনীয়া রাস্তার কংশেরকুল সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন রাস্তা মেরামত (অংশ-১, অংশ-২, অংশ-৩)</td></tr>
</table>
</td>
<td>১. বিস্তারিত আলোচনান্তে বিআরডিবি'র (জোড়াবাড়ী) ২-টি ভবনে অবস্থানরত সদস্যগণ বকেয়া বাড়ী ভাড়া প্রদানে অনিহা থাকলে সার্টিফিকেট মামলা করার সিদ্ধান্ত হয়।<br><br>২.বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) / উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল / উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রাক্কলন মোতবেক প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার সিদ্ধান্ত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভালুকা;<br><br>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা;<br><br>উপজেলা প্রকৌশলী, (LGED),ভালুকা;<br><br>সংশ্লিষ্ট সকল বিভাগ</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ১৩ | ভালুকা উপজেলা ভূমি অফিসে সুপেয় পানির ব্যবস্থা করণের জন্য সাব-মার্সেবল পাম্পযুক্ত নলকূপসহ স্যানেটারী লাইন স্থাপন। | | | |

পরিশেষে সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ মহোদয় উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান এবং উপজেলা পরিষদের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন। পরিশেষে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুল কালাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ

স্মারক নম্বর : উনিঅ/ভালুকা/উ:জে:মা:সভা/২০২৩- ৬৬৩ তারিখঃ ১৬/০৮/২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৬, ময়মনসিংহ-১১, ভালুকা ও সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৩২৬, ময়মনসিংহ-২৬।
০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
০৪। ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।
০৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
০৬। পুলিশ সুপার, ময়মনসিংহ ।
০৭। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
০৯। মেয়র, ভালুকা, পৌরসভা, ময়মনসিংহ ।
১০। ভাইস চেয়ারম্যান (পুরুষ ও মহিলা), উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।
১১। উপজেলা ........................অফিসার, ভালুকা, ময়মনসিংহ ।
১২। চেয়ারম্যান ........................ ইউনিয়ন পরিষদ (সকল), ভালুকা,ময়মনসিংহ ।
১৩। জনাব/বেগম ......................
১৪। অফিস কপি।

(মোঃ এরশাদুল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ